

## রক্তনালীর সমস্যা (Vascular Anomaly)

রক্তনালীর বিভিন্ন ধরণের জন্মগত সমস্যা থাকতে পারে যেমন- জন্মদাগ (Birth Mark), রক্তনালীর টিউমার বা হিমাঞ্জিওমা (Hemangioma), রক্তনালীর গঠন গত সমস্যা (Vascular Malformations) ইত্যাদি।

- **সমস্যাঃ** জন্মদাগ আকারে ছোট হলে কোন সমস্যা হয় না, বড় হলে দেখতে অসুন্দর লাগে।  
রক্তনালীর টিউমার বা হিমাঞ্জিওমা (Hemangioma), রক্তনালীর গঠন গত সমস্যা (Vascular Malformations) ইত্যাদি চেহারার বিকৃতি এমনকি জীবন সংশয় ও করতে পারে।
- **চিকিৎসাঃ** জন্মদাগের সাধারণত কোন চিকিৎসার প্রয়োজন হয় না তবে বেশী বড় হলে কিংবা অসুন্দর লাগলে প্লাস্টিক সার্জারী করতে হয়। রক্তনালীর টিউমার বা হিমাঞ্জিওমা এক বিশেষ ধরনেল টিউমার যা ১-১২ বৎসরের মধ্যে অনেক সময় আপনা আপনি ভাল হয়ে যায়, তবে এক বৎসর বয়স পর্যন্ত চিকিৎসাকের তত্ত্বাবধানে থাকতে হয়। এ সময় টিউমার যদি অস্বাভাবিক বড় হতে থাকে তখন চিকিৎসা করতে হবে। টিউমার ছোট হলে অপারেশনেই শ্রেয়। রক্তনালীর গঠনগত সমস্যা বা Vascular Malformations- আবার বিভিন্ন রকম হতে পারে। রোগের ধরণ অনুযায়ী চিকিৎসা, তবে অধিকাংশ সমস্যাই বিভিন্ন ধরণের ইঞ্জেকশন প্রয়োগ করে অপারেশন ছাড়া ভাল করা যায়।